



মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০-এ সংযোজিত ১৩ নং ধারা (বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা, অক্টোবর ২৭, ২০০৫ তারিখে প্রকাশিত)

ধারা-১৩ঃ নির্ধারিত এলাকায় বৎসরের নির্দিষ্ট সময়ে সকল প্রকার মাছ ধরা নিষিদ্ধ

- (১) প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে এই আইনে যাহাই বর্ণিত থাকুক না কেন -
- (ক) নিম্নোক্ত ছকের ২নং কলামে বর্ণিত মৎস্য অভয়াশ্রমসমূহের ৩নং কলামে উল্লেখিত সময়ে কোন ব্যক্তি কোন প্রকার মাছ ধরিতে বা মাছ ধরার কারণ সৃষ্টি করিতে পারিবে না।

ক্রমিক নং	ইলিশ অভয়াশ্রম এলাকা	সময়কাল
১	২	৩
১।	চাঁদপুর জেলার ঘাটনল হইতে লক্ষ্মীপুর জেলার চর আলেকজান্ডার পর্যন্ত (মেঘনা নদীর নিম্ন অববাহিকার ১০০ কিঃ মিঃ এলাকা)	প্রতি বৎসর মার্চ হইতে এপ্রিল পর্যন্ত
২।	ভোলা জেলার মদনপুর/চর ইলিশা হইতে চর পিয়াল পর্যন্ত (মেঘনা নদীর শাহবাজপুর শাখা নদীর ৯০ কিঃ মিঃ এলাকা)	প্রতি বৎসর মার্চ হইতে এপ্রিল পর্যন্ত
৩।	ভোলা জেলার ভেদুরিয়া হইতে পটুয়াখালী জেলার চররপ্তম পর্যন্ত (তেতুলিয়া নদীর ১০০ কিঃ মিঃ এলাকা)	প্রতি বৎসর মার্চ হইতে এপ্রিল পর্যন্ত
৪।	পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার সমগ্র আন্ধারমানিক নদীর ৪০ কিঃ মিঃ এলাকা	প্রতি বৎসর নভেম্বর হইতে জানুয়ারী পর্যন্ত

- (২) উপধারা (১) লংঘন করিয়া যে কোন ধরনের সরঞ্জাম দিয়া যে কোন প্রকার মাছ ধরিলে ধৃত মাছ ও সরঞ্জাম আটক ও বাজেয়াপ্ত করা যাইবে। প্রথমবার এই আইন ভঙ্গ করিলে ১ মাস হইতে ৬ মাসের সশ্রম কারাদণ্ড তৎসহ সর্বোচ্চ ১০০০ টাকা জরিমানা এবং পরবর্তী প্রতিবার আইন ভঙ্গের জন্য শাস্তির পরিমাণ দ্বিগুণ হইবে।



প্রচারে : মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ